

রিটার্নিং অফিসারের কার্যালয়

বাংলাদেশ অলিম্পিক এসোসিয়েশনের কার্যনির্বাহী কমিটির নির্বাচন ২০২১
অলিম্পিক ভবন, রাজউক এভিনিউ, আউটার স্টেডিয়াম, পুরানা পল্টন, ঢাকা-১০০০।




স্মারক নং-বিওএ/কার্যনির্বাহী কমিটি নির্বাচন/২০২১/০১০

তারিখ : ২৮/১১/২০২১

বিজ্ঞপ্তি

বাংলাদেশ অলিম্পিক এসোসিয়েশনের কার্যনির্বাহী কমিটির নির্বাচন পরিচালনা সংক্রান্ত নির্বাচন কমিশনের ২৮/১১/২০২১ তারিখের সভার কার্যবিবরণী ২৪(খ) নম্বর অনুচ্ছেদের ক্ষমতাবলে, উক্ত কার্যবিবরণী ও নির্বাচন পরিচালনা বিধিমালা-২০২১ এর আলোকে বাংলাদেশ অলিম্পিক এসোসিয়েশনের কার্যনির্বাহী কমিটির নির্বাচন-২০২১ এর বিভিন্ন পদে অংশগ্রহণকারী প্রার্থীদের যোগ্যতা এবং প্রার্থী ও ভোটারদের জন্য অনুসরণীয় নিম্নরূপ বিধানাবলী প্রকাশ করা হলো-

১. বাংলাদেশ অলিম্পিক এসোসিয়েশনের সাধারণ পরিষদের কোন সদস্য কার্যনির্বাহী কমিটির নির্বাচনে অংশগ্রহণ করতে পারবেন যদি তিনি-
 - (ক) বাংলাদেশের নাগরিক হন,
 - (খ) কোন ফৌজদারী অপরাধে দণ্ডিত না হন কিংবা প্রচলিত কোন আইনে নিষেধাজ্ঞাবীন না হন,
 - (গ) উপযুক্ত কর্তৃপক্ষ কর্তৃক মানসিকভাবে অসুস্থ ঘোষিত না হন,
 - (ঘ) ভোটার/প্রার্থীর বয়স কমপক্ষে ২৫ বৎসর হয়।
২. কোন সদস্য বিওএ'র নির্বাচনে যেকোন একটি পদে অংশগ্রহণ করতে পারবেন।
৩. প্রতিদ্বন্দ্বী প্রার্থী তাঁর সমযোগ্যতা সম্পন্ন কোন ব্যক্তিকে তাঁর নির্বাচনী প্রতিনিধি নিয়োগ করতে পারবেন, তবে তা রিটার্নিং অফিসার কর্তৃক সত্যায়িত হতে হবে।
৪. ২২ ডিসেম্বর ২০২১ তারিখ সকাল ১০:০০টা হতে বিকাল ৪:০০টা পর্যন্ত বিরতিহীনভাবে ভোট গ্রহণ করা হবে।
৫. ভোট প্রদানের সময় প্রত্যেক ভোটার প্রয়োজনীয় পরিচিতি পত্র/চিঠি (সত্যায়িত ছবিসহ) সঙ্গে আনবেন। ভোটার পরিচিতিপত্র সংশ্লিষ্ট ফেডারেশনের মনোনীত কর্তৃপক্ষের প্রতিনিধির থাকতে হবে।
৬. নির্ধারিত সময়ের পর কাউকে ভোট প্রদানের সুযোগ দেয়া হবেনা।
৭. মনোনয়নপত্র দাখিল করার সময় প্রত্যেক প্রার্থীকে তাঁর ০২ (দুই) কপি পাসপোর্ট সাইজের ছবি সত্যায়িত করে দাখিল করতে হবে।
৮. প্রার্থী/প্রতিনিধি (ভোটার) ব্যতীত কোন ব্যক্তি ভোট কেন্দ্রে প্রবেশ করতে পারবেন না। বৈধ পরিচয়পত্রধারী/নিবন্ধিত সাংবাদিকগণ পরিচয়পত্র প্রদর্শনপূর্বক রিটার্নিং অফিসারের নিকট হতে নির্বাচনের তথ্য সংগ্রহ করতে পারবেন।
৯. মনোনয়নপত্র জমা দেয়ার সময়ে মনোনয়ন ফর্মের মূল রশিদ ও প্রার্থীর জাতীয় পরিচয়পত্রের সত্যায়িত ফটোকপি মনোনয়নপত্রের সাথে জমা দিতে হবে।
১০. কোন প্রার্থী/ভোটার মোবাইল ফোন/কমিউনিকেশন ডিভাইস/ব্যাগ/আগ্নেয়াস্ত্র/বিফোরক দ্রব্য/নিরাপত্তা বিঘ্নিত হতে পারে এ ধরনের কোন জিনিস/বস্তু নিয়ে ভোট কেন্দ্রে প্রবেশ করতে পারবেন না।
১১. এছাড়াও বিওএ'র নির্বাচন সংক্রান্ত সংশ্লিষ্ট বিধি-বিধান এবং এতদসংক্রান্ত নির্বাচন কমিশন কর্তৃক জারীকৃত বিধানাবলী সংশ্লিষ্ট সকলের জন্য প্রযোজ্য হবে।


(মুহম্মদ আনোয়ার হোসেন)

উপ-সচিব

পরিচালক (প্রশাসন ও অর্থ), বিকেএসপি
ও রিটার্নিং অফিসার

বিওএ কার্যনির্বাহী কমিটির নির্বাচন ২০২১

অনুলিপি (সদয় জ্ঞাতার্থে ও কার্যার্থে) জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয় :

১. প্রধান নির্বাচন কমিশনার, বিওএ কার্যনির্বাহী কমিটির নির্বাচন ২০২১ ও মহাপরিচালক, বিকেএসপি।
২. মহাপরিচালক, বাংলাদেশ অলিম্পিক এসোসিয়েশন, ঢাকা (বিজ্ঞপ্তি বিওএ'র ওয়েবসাইটে প্রকাশের জন্য অনুরোধ করা হলো)।

অনুলিপি : (সদয় অবগতি ও বহুল প্রচারের অনুরোধসহ) জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয় ।

১. মহাসচিব, বিওএ ।
- * ২. সচিব, জাতীয় ক্রীড়া পরিষদ, পুরানা পল্টন, ঢাকা ।
৩. সভাপতি/ সাধারণ সম্পাদক, বাংলাদেশফেডারেশন/এসোসিয়েশন ।
৪. সভাপতি/সাধারণ সম্পাদক,বিভাগীয় ক্রীড়া সংস্থা ।
৫. মহাপরিচালক, বাংলাদেশ অলিম্পিক এসোসিয়েশন, ঢাকা ।
৬. সচিব, সেনা/বিমান/নৌ/বিজিবি/পুলিশ/আনসার ও ভিডিপি ক্রীড়া নিয়ন্ত্রণ বোর্ড, ঢাকা ।
৭. পরিচালক, স্পেশাল অলিম্পিকস বাংলাদেশ ।
৮. মাননীয় প্রতিমন্ত্রীর একান্ত সচিব, যুব ও ক্রীড়া মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা ।
৯. মাননীয় সেনাবাহিনী প্রধানের সামরিক সহকারি, সেনাসদর, ঢাকা সেনানিবাস, ঢাকা ।